## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির অক্টোবর, ২০২২ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। জ্বালানি অনুসন্ধান কার্যক্রমের অগ্রগতি বিষয়ক মনিটরিং কমিটির একটি সভা গত ৩০ অক্টোবর ২০২২ তারিখে এ কমিটির আহ্বায়ক শাহিনা খাতুন পিএএ, যুগ্মসচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সার্বিক দিক পর্যালোচনা করে চারটি সিদ্ধান্ত গৃহীত হয় যা জ্বালানির উৎস অনুসন্ধান কার্যক্রমকে ত্বরান্বিত করবে।

### ২। লক্ষ্যমাত্রাঃ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' এর আওতায় ২ (দুই)টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক কয়েকটি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২০২২-২৩ অর্থবছরে চলমান ৩টি কূপ খননের মধ্যে শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ হতে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট হারে এবং অনুসন্ধান কূপ টবগী#১ ও কৈলাশটিলা#৮ প্রতিটি হতে দৈনিক ২১ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা রয়েছে।

### ৩। কূপ খননের অগ্রগতিঃ

জ্বালানির বিভিন্ন উৎস অনুসন্ধান কার্যক্রমের আওতায় ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নাধীন কয়েকটি অনুসন্ধান কূপ খননের অক্টোবর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন | **শরীয়তপুর#১** অনুসন্ধান কূপ ৩২০০ (±১০০) মিটার (TVDss) গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। অক্টোবর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ<br><br>ক) **ভূমি অধিযাচন:** কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিপূরণ প্রাক্কলনের কাজ চলছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:** কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং, গোডাউন নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজ শেষ হয়েছে।<br><br>**গ) বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ১৭টি প্যাকেজের আওতায় প্রয়োজনীয় মালামাল আমদানির এলসি স্থাপন করা হয়েছে। অধিকাংশ মালামাল ইতোমধ্যে আমদানি হয়েছে এবং কিছু আইটেমের মালামাল আমদানির পর্যায়ে রয়েছে। |

| | | |
|---|---|---|
| | | **ঘ) তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:** প্রকল্পের ডিপিপি ক্রয় পরিকল্পনা মোতাবেক ৫টি প্যাকেজ (ওয়্যারলাইন লগিং, সিমেন্টেশন, ডিএসটি, স্লিক লাইন) এর এলসি স্থাপন করা হয়েছে এবং কূপ খননকালে সেবা গ্রহণ করা হবে।<br><br>**ঙ) ইআইএ স্টাডি:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।<br><br>**চ) রিগ পরিবহন:** পরিবহন ঠিকাদার ও বাপেক্স এর নিজস্ব পরিবহনের মাধ্যমে যুগপৎভাবে রিগ ও খনন মালামাল পরিবহনের কাজ শেষ হয়েছে।<br><br>**ছ) আবাসিক ক্যাম্প স্থাপন:** বাপেক্স এর পরিবহনের মাধ্যমে ক্যারাভান শিফটিংপূর্বক ক্যাম্প স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।<br><br>**জ) রিগ-আপ কার্যক্রম:** প্রকল্প এলাকায় বিজয়-১০ রিগ স্থানান্তরপূর্বক রিগ-আপ করা হয়েছে। বর্তমানে কূপ খনন কাজ শুরু করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। |
| ২। | টবগী#১ অনুসন্ধান কূপ খনন | টার্ন কী ভিত্তিতে রাশিয়ার প্রতিষ্ঠান গ্যাজপ্রম (Gazprom EP International Investments B.V) এর মাধ্যমে অনুসন্ধান কূপ টবগী#১ খননের কার্যক্রম গৃহীত হয়। অক্টোবর, ২০২২ মাসে এই অনুসন্ধান কূপটির মূল খনন কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>• প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটি (পিপিসি)'র ০২/৫/২০২১ তারিখের সভার সুপারিশ এবং সর্বশেষ গত ২৭/৫/২০২১ তারিখের সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র সভার অনুমোদনের আলোকে গ্যাজপ্রম (Gazprom EP International Investments B.V) এর সাথে গত ৩০/৭/২০২১ তারিখে গ্যাজপ্রম ও বাপেক্স যৌথ স্বাক্ষরে Addendum7 টি চূড়ান্তকরন সম্পন্ন হয়। জাতীয় রাজস্ব বোর্ডের ভেটিং প্রাপ্তির প্রেক্ষিতে গ্যাজপ্রম কর্তৃক দাখিলকৃত Performance Guarantee এর বিপরীতে গত ০৪/১১/২০২১ তারিখে ঋণপত্র খোলা হয়।<br><br>• EPC ঠিকদার গ্যাজপ্রমের মাধ্যমে ১৬/৬/২০২২ তারিখ টবগী#১ কূপে রিগ আপ সম্পন্ন করে পরিকল্পনা অনুযায়ী ১৯/৮/২০২২ তারিখের মধ্যে মূল খনন কার্যক্রম শুরু করা হয়। টার্গেট অনুযায়ী ৩,৫২৪ মিটার গভীরতায় খনন কার্যক্রম ২৯/৯/২০২২ তারিখ সম্পন্ন হয়।<br><br>• গত ২৬/১০/২০২২ তারিখ হতে সফলভাবে কূপ খনন পরবর্তী ডিএসটি, টেস্টিং ও আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন পরবর্তী উক্ত কূপে গ্যাস জোন আবিস্কার সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে। টেস্টিং কার্যক্রমে উক্ত কূপ হতে দৈনিক ১৯.৫-২১.০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। |
| ৩। | কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন | সিলেটের গোলাপগঞ্জস্থ কৈলাশটিলা স্ট্রাকচারে ১৫০,২৭.০০লক্ষটাকা ব্যয়ে ২৫০০ (±৫০) মিটার গভীরতায় ১টি অনুসন্ধান কূপ খনন করা হবে। ফেব্রুয়ারী, ২০২৩ এর মধ্যে মূল খনন কাজ শুরুর লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**ক) ভূমি অধিগ্রহণ:** সিলেট জেলা প্রশাসক অফিস কর্তৃক ৬.৫৮ একর জমি হস্তান্তর করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্ত কাজ:** খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে ভূমি উন্নয়ন, এইচবিবি রোড নির্মাণ এবং বক্স কালভার্ট নির্মানের জন্য নির্বাচিত সর্বনিম্ন দরদাতার সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। গত ০৪/৮/২০২২ তারিখ হতে প্যালিসাইডিং এর মাধ্যমে ভূমি উন্নয়নের কাজ শুরু হলেও রাস্তার কিছু অংশসহ মূল ভূমিতে পানি থাকায় মাটি ভরাটের কাজ যথাসময়ে শুরু করা যায়নি। বর্তমানে পূর্ণমাত্রায় মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। ভূমি উন্নয়নের পাশাপাশি যুগপৎভাবে রিগ ফাউন্ডেশন ও অন্যান্য পূর্ত কাজের সমন্বয় করে নির্ধারিত সময়ে খনন কাজ শুরু করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| | | **গ) বৈদেশিক পরামর্শক সেবা:** বাপেক্স কর্তৃক জিটিও প্রস্তুত সম্পন্ন হয়েছে। বৈদেশিক পরামর্শক সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠান M/s. Rich Spread Group Limited, China এর সাথে চুড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>**ঘ) মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা:** দুই লট খনন মালামাল সরবরাহের জন্য নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। খনন মালামালের উদ্ধৃত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশি হওয়ায় প্রশাসনিক অনুমোদনের জন্য পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শীঘ্রই চুড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হবে আশা করা যায়। অপরদিকে, ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।<br><br>**ঙ) ড্রিলিং অপারেশন:** খনন অপারেশনসহ মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট ভাড়ায় প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখ বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চুড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। জানুয়ারী ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরু করা হবে।<br><br>**চ) ইআইএ:** পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে। EQMS Consulting Ltd. কে বিল পরিশোধ করা হয়েছে। |

**৪। সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) **ভোলা জেলায় টবগী#১** অনুসন্ধান কূপের মূল খনন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হওয়ায় ১টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কমিটি এই অনুসন্ধান কূপ খনন কার্যক্রম সম্পন্নের প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে;

(খ) 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' এর আওতায় ২০২২-২৩ অর্থবছরে ২টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রার অপরটি অর্জনের লক্ষ্যে চলমান অনুসন্ধান কূপ খনন কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্নের জন্য বাপেক্স ও এসজিএফএল-কে সচেষ্ট থাকতে হবে। একইসাথে কার্যক্রমের অগ্রগতি পেট্রোবাংলাকে নিয়মিত মনিটরিং করতে হবে;

(গ) কূপ খনন এলাকায় আবাসিক ক্যাম্পসহ অন্যান্য স্থাপনা এলাকায় নিরাপত্তা কার্যক্রম জোরদার করতে হবে এবং

(ঘ) অনুসন্ধান কূপ খননের হালনাগাদ তথ্য প্রতিমাসে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এই কমিটির নিকট প্রেরণ করতে হবে।

০১/১১/২০২২
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০১/১১/২০২২
এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা

০১.১১.২০২২
মোহাম্মদ ফারুক হোসেন
উপসচিব (প্রশাসন-২ অধিশাখা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

০১/১১/২২
শাহিনা খাতুন পিএএ
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ